

এবার জবি উপাচার্যের পদত্যাগ দাবিতে আলটিমেটাম

জবি সংবাদদাতা

১১ আগস্ট, ২০২৪

১৫:৫৬

শেয়ার

অ +

অ -



সংগৃহীত ছবি

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড সাদেকা হালিমসহ রেজিস্ট্রার, প্রস্তরিয়াল বডি ও হল প্রভোস্টকে পদত্যাগ করতে ২৪ ঘণ্টার আলটিমেটাম দিয়েছেন শিক্ষার্থীরা। আগামীকাল ৩টার মধ্যে পদত্যাগ করার দাবি জানানো হয়।

আজ রবিবার (১১ আগস্ট) বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে সাধারণ শিক্ষার্থীদের সঙ্গে সমন্বয়কদের মতবিনিময়সভা হয়। পরে প্রশাসনিক ভবনের সামনে দুপুর সাড়ে তুঠায় বিক্ষেপ মিছিল করে।

শিক্ষার্থীরা বলেন, অবিলম্বে বিশ্ববিদ্যালয়ের উপাচার্যসহ প্রশাসনে যত আওয়ামী দোসর রয়েছে তাদের পদত্যাগ করতে হবে। যদি তারা পদত্যাগ করতে না চায় তাহলে কীভাবে পদত্যাগ করাতে হবে তা ছাত্রসমাজ জানে। বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, প্রট্রিয়াল বডি ইতিমধ্যে পদত্যাগ করেছেন। কিন্তু আমাদের ভিসি কেন এখনো পদত্যাগ করছে না তার পেছনে যদি কারো হাত থাকে ছাত্রসমাজ তাদের মোকাবেলা করতে প্রস্তুত।

এ সময় বৈষম্যবিরোধী আন্দোলনের সমন্বয়ক স্বর্ণ আক্তার রিয়া বলেন, আমরা আগামীকাল বিকেল ৩টা পর্যন্ত আলটিমেটাম দিয়েছি। এর মধ্যে উপাচার্য ড. সাদেকা হালিম, রেজিস্ট্রার অধ্যাপক ড. আইনুল ইসলাম, হল প্রভোস্ট অধ্যাপক দীপিকা রানী, প্রফ্টের অধ্যাপক জাহাঙ্গীর হোসেনসহ পুরো প্রট্রিয়াল বডি পদত্যাগ করতে হবে। যদি তারা এ সময়ে পদত্যাগ না করেন, তাহলে আমরা আরো কঠোর কর্মসূচিতে যাব।